দৈনিক বাংলা

তারিখ ... 27.5.84 ...
পৃষ্ঠা ... কলাম ...

015

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং এস-১২/১-২৬/৮৩/৮৮২(১০০)-এডুকেশন — তারিখ: ২০-৫-৮৪

## বিষয়: বুলগেরিয়াতে অধ্যয়নের জন্য কাউন্সিল অব মিউচ্যুয়াল ইকনমিক এ্যাসিসট্যান্স (সিএমইএ) কর্তৃক প্রদত্ত ৪ (চারটি) স্কলারশীপের প্রস্তাব

১৯৮৪-৮৫ শিক্ষা-বছরে নিম্নবর্ণিত বিষয় ও পর্যায়সমূহে বুলগেরিয়াতে অধ্যয়নের জন্য কাউন্সিল অব মিউচ্যুয়াল ইকনমিক এ্যাসিস্ট্যান্স (সিএমইএ) কর্তৃক প্রদত্ত ৪টি (চারটি) স্কলারশীপ প্রদানের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

**আন্ডারগ্রাজুয়েট স্কলারশীপ—৩**

| বিষয় ও স্কলারশীপের সংখ্যা: | | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|
| ১। ইঞ্জিনীয়ারিং—২ | — | গড়পরতায় ৭০% নম্বরসহ এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ। |
| ২। ইকনমিকস—১ | — | এসএসসি এবং এইচএসসি (মানবিক) উভয় পরীক্ষায় ১ম বিভাগ। |

**পোস্ট-গ্রাজুয়েট—১**

| | | |
|---|---|---|
| ৩। মেডিসিন—১ | — | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ এমবিবিএস ডিগ্রী (রেগুলার)। |

২। স্কলারশীপ প্রদানকারী দেশ/প্রতিষ্ঠান যাবতীয় ব্যয়ভার গ্রহণ করবেন, তবে বাংলাদেশ থেকে বুলগেরিয়া পর্যন্ত বিমান ভাড়া চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বহন করতে হবে। এ ব্যাপারে আবেদনকারীকে দরখাস্তের সাথে এই মর্মে একটি অঙ্গীকারপত্র দিতে হবে যে তিনি যাতায়াতের (উভয় দিক) ব্যয়ভার বহন করবেন।

৩। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। নিম্নলিখিত তথ্যাদি উল্লেখসহ সাদা কাগজে লিখিত দরখাস্ত, তৎসহ সার্টিফিকেট/প্রশংসাপত্র/মার্কশীটের সত্যায়িত নকল এবং প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষালাভ করেছেন তার প্রধান কর্মকর্তার নিকট থেকে গৃহীত প্রার্থী এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় মোট কত নম্বর পেয়েছেন তা উল্লেখকৃত প্রশংসাপত্র অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ৫-৬-৮৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। প্রার্থীগণ রিসেপশন রুম ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সেও তাদের দরখাস্ত জমা দিতে পারেন।

৫। অসম্পূর্ণ দরখাস্ত এবং দরখাস্ত গ্রহণের শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত স্বাভাবিকভাবেই বাতিল হয়ে যাবে।

**সিএমইএ স্কলারশীপের জন্য দরখাস্তের ফরম**

১। নাম (বড় হরফে):
২। পিতার/স্বামীর নাম:
৩। (ক) জন্মতারিখ:
(খ) ১-৫-৮৪ তারিখে সঠিক বয়স:
৪। ডাক ঠিকানা, তৎসহ টেলিগ্রাম অফিস ও টেলিফোন নম্বর (যদি থাকে):
৫। স্থায়ী ঠিকানা:
৬। শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষা পাস: পাসের বছর | বিভাগ/শ্রেণী | স্থান | গড়পরতা শতকরা নম্বর |
|---|---|---|---|

৭। যে প্রতিষ্ঠানে তিনি চাকরি করছেন: পদবী উল্লেখসহ (যেখানে প্রযোজ্য)
৮। অভিজ্ঞতা (যেখানে প্রযোজ্য):

| যে পদে কাজ করেছেন (বর্তমান থেকে শুরু করতে হবে) | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | চাকরির মেয়াদ হইতে—পর্যন্ত | চাকরির মোট সময় |
|---|---|---|---|

৯। গবেষণামূলক রচনা/প্রকাশনার তালিকা (কিছু থাকলে):
১০। যে বিষয় ও পর্যায়ের জন্য আবেদন করছেন:
(ক) বিষয়:
(খ) পর্যায়:
১১। তারিখ উল্লেখসহ আবেদনকারীর স্বাক্ষর:

ডিএফপি—৪৬২৫(২)(২৪-৫)
জি—২১০৭

মোঃ আমজাদ হোসেন খান,
সেকশন অফিসার।